

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৬৬৭

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - জাহান্নাম ও জাহান্নামীদের বর্ণনা

الفصل الاول (باب صفة النار وأهلها)

আরবী

وَعَنِ النُّعْمَانِ بْنِ بَشِيرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ أَهْوَنَ أَهْلِ النَّارِ عَذَابًا مَنْ لَهُ نَعْلَانِ وَشِرَاكَانِ مِنْ نَارٍ يَغْلِي مِنْهُمَا دِمَاغُهُ كَمَا يَغْلِي الْمِرْجَلُ مَا يُرَى أَنَّ عَذَابًا مَنْ لَهُ عَذَابًا وَإِنَّهُ لَأَهْوَنُهُمْ عَذَابًا» . مُتَّفق عَلَيْهِ

متفق عليم ، رواه البخارى (6561 ـ 6562) و مسلم (364 / 213)، (516) ـ (مُتَّفق عَلَيْهِ)

বাংলা

৫৬৬৭-[৩] নুমান ইবনু বাশীর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ (সা.) বলেছেন: জাহান্নামবাসীদের মধ্যে সর্বাপেক্ষা সহজতর শাস্তি ঐ লোকের হবে, যাকে আগুনের ফিতাসহ দু'খানা জুতা পরানো হবে, তাতে তার মগজ এমনিভাবে ফুটতে থাকবে, যেমনিভাবে তামার পাত্রে পানি ফুটতে থাকে। সে ধারণা করবে, তার অপেক্ষা কঠিন শাস্তি আর কেউ ভোগ করছে না, অথচ সে হবে সর্বাপেক্ষা সহজতর শান্তিপ্রাপ্ত লোক। (বুখারী ও মুসলিম)

ফুটনোট

সহীহঃ বুখারী ৬৫৬১, মুসলিম ৩৬২-(২১২), তিরমিয়ী ২৬০৪, সিলসিলাতুস্ সহীহাহ ১৬৮০, সহীহুল জামি' ২০৩৩, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩৬৮৫, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৮৪৪৭, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৪১৩২, মুসনাদে 'আদ ইবনু হুমায়দ ৭১১, মুসনাদে বায্যার ৩২৩৫, মুসনাদে আহমাদ ২৬৯০, দারিমী ২৮৪৮, আল মুসতাদরাক লিল হাকিম ৮৭৩৪।

ব্যাখ্যা



ব্যাখ্যা: হাদীসে স্পষ্টভাবে ইশারা করা হয়েছে যে, জাহান্নামীদের 'আযাবের মধ্যে কম বেশি হবে। (মিরক্বাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন